

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
নিরীক্ষা অধিশাখা  
www.shed.gov.bd

স্মারকনং- ৩৭.০১.৩০৮০.১৮৭.১৪.৩৪.২০১৭ - ১৫৭

তারিখঃ ১৮ আশ্বিন ১৪২৪  
০৩ অক্টোবর ২০১৭

**বিষয়:** সরকারি পাওনা এড়িয়ে প্রতিষ্ঠান প্রধানের জবাব গ্রহণের সুপারিশ করায় তার ব্যাখ্যা প্রদান।


**সূত্র:** (১) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পত্র নং- ৯এ/০১গভ:অ:/রাজ:/৯৮/১৯; তারিখ: ১২/০১/২০১৭ খ্রি:  
(২) রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়, রাজবাড়ী এর পত্র নং- রা:স:উ:বি:/৫১৭; তারিখ: ০৪/১২/২০১৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে তাঁর দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, সরকারি কলেজ ও বিদ্যালয়সমূহের ছাত্র-ছাত্রীদের নিকট হতে অর্থ আদায়ের নির্দেশনা সংক্রান্ত একটি পরিপত্র (নং- শিম/অডিট সেল/২৪৩/২০১১/৪৭৫) বিগত ৬ জুলাই ২০১৪ তারিখ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারি করা হয়েছে। প্রায়শ: দেখা যায় মন্ত্রণালয়ের নির্দেশনা উপেক্ষা করে ছাত্র-ছাত্রীদের নিকট হতে সরকারি কলেজ ও বিদ্যালয়সমূহ কর্তৃক অতিরিক্ত অর্থ বা খাত বহির্ভূত অর্থ আদায় করা হচ্ছে যা সম্পূর্ণ বিধি বহির্ভূত। অডিট আপত্তির জবাব প্রদানের ক্ষেত্রে অনেক সময় লক্ষ্য করা যায়, সুস্পষ্ট/ গুরুতর এবং পরিপত্রের নির্দেশনা বহির্ভূত অর্থ আদায়ের ফলে সরকারি কোষাগারে টাকা ফেরৎ প্রদান যোগ্য হওয়ার পরও প্রতিষ্ঠান প্রধানের আপত্তি নিষ্পত্তির বক্তব্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) কর্তৃক সুপারিশ করা হয়। এর ফলে মন্ত্রণালয়ের নির্দেশনা ব্যত্যয়ের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানগণ উৎসাহিত হন এবং অনিয়ম করে আর্থিক কার্যক্রম পরিচালনার প্রবণতা থেকেই যায়।

০২। আলোচ্য ক্ষেত্রে রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়ের ২০০১-২০১৫ নিরীক্ষা সনের অডিট আপত্তির অনুচ্ছেদ নং- ১ এ পরিপত্রে নির্ধারিত হার অপেক্ষা কম্পিউটার খাত এবং ২নং এ ক্রীড়া খাতে অতিরিক্ত অর্থ আদায়ের মাধ্যমে যথাক্রমে ৩,৭৪,২২০/= (তিন লক্ষ চুয়াত্তর হাজার দুইশত বিশ টাকা মাত্র) এবং ২,৯৩,৬৫০/= (দুই লক্ষ তিরানষই হাজার ছয়শত বিশ টাকা মাত্র) টাকার অর্থিক অনিয়ম সাধিত হয়েছে। মন্ত্রণালয়ের ব্রডশিট জবাব প্রেরণের পূর্বে প্রতিষ্ঠান প্রধানের বক্তব্য যথাযথভাবে পরীক্ষা না করে প্রতিষ্ঠান প্রধানের বক্তব্য গ্রহণ করার সুপারিশ করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, পরিপত্রের বিধান সুস্পষ্টভাবে লংঘন করা সত্ত্বেও কিসের ভিত্তিতে প্রতিষ্ঠান প্রধানের জবাব গ্রহণের সুপারিশ করা হয়েছে তার ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

**উপ পরিচালক (সাধারণ প্রশাসন)**  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা

  
(মো. রাহেদ হোসেন)  
সিনিয়র সহকারি সচিব  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
ফোনঃ ৯৫৪৬১০৭

**সদয় অবগতির জন্য অনুলিপিঃ**

- ০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ০২। মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা
- ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়ের সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ০৫। প্রধান শিক্ষক, রাজবাড়ী সরকারি উচ্চ বিদ্যালয়, রাজবাড়ী
- ০৬। অফিস কপি।